

2023/TDC(CBCS)/ODD/SEM/  
BNGLAN-301T/362

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

( 3rd Semester )

Course No. : BNGLAN-301T

( কলা ও বাণিজ্য বিভাগের জন্য )

( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্সঙ্ক সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর

দাও :

১×২০=২০

UNIT—I

১। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত একটি দেশি শব্দের উদাহরণ দাও।

২। 'মুদ্রা' শব্দের উৎসভাষা কোনটি?

24J/361

( Turn Over )

৩। একটি অসিদ্ধ তৎসম শব্দের উদাহরণ দাও।

৪। 'সূর্য' শব্দটি তৎসম না অর্ধতৎসম?

৫। 'আনারস' শব্দটি কোন্ ভাষাজাত?

### UNIT—II

৬। অর্থবিস্তারের একটি উদাহরণ দাও।

৭। গঙ্গা > গাঙ— অর্থ পরিবর্তনের কোন্ ধারায় হয়েছে?

৮। সংস্কারগত কারণে শব্দের অর্থ পরিবর্তনের একটি উদাহরণ দাও।

৯। 'ভাত' = সিদ্ধ চাউল > জীবিকাসংস্থান—এখানে অর্থ পরিবর্তনের কোন্ ধারা অনুসৃত হয়েছে?

১০। অর্থ সংক্রমের একটি উদাহরণ দাও।

### UNIT—III

১১। চলিত ভাষার একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

- ১২। আভিধানিক শব্দের প্রয়োগ বেশি হয় কোন্ গদ্যরীতিতে ?
- ১৩। অশুদ্ধি সংশোধন করো : শারিরিক।
- ১৪। ‘বাল্মিকি’ না ‘বাল্মীকি’—কোন্ বানানটি শুদ্ধ ?
- ১৫। সাধু ও চলিত রীতির মিশ্রণকে কোন্ ধরনের দোষ বলা হয় ?

UNIT—IV

- ১৬। ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
- ১৭। কমলাকান্ত কার আশ্রয়ে বাস করতেন ?
- ১৮। কোন্ পত্রিকায় কমলাকান্তের আত্মপ্রকাশ ঘটে ?
- ১৯। “সস্তা খরিদের অবিরত চেষ্টাকে মনুষ্যজীবন বলে।” উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত ?
- ২০। ‘একা’ প্রবন্ধটি ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থের কতসংখ্যক রচনা ?

UNIT—V

- ২১। ‘বর্ষশেষ’ কবিতাটি কত বঙ্গাব্দে রচিত ?

- ২২। “রজনীর অঙ্ককার  
উজ্জয়িনী করি দিল লুপ্ত একাকার।”  
এটি কোন্ কবিতার পংক্তি?
- ২৩। ‘দুঃসময়’ কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ২৪। ‘স্বপ্ন’ কবিতায় কবি-প্রিয়ার নাম কী?
- ২৫। শূন্যস্থান পূর্ণ করো :  
“পদ্মাসনে ব’স আসি \_\_\_\_\_ তুলিয়া ললাটে,”

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের  
উত্তর দাও : ২×৫=১০

UNIT—I

- ২৬। বাংলা শব্দভাণ্ডারকে কয়টি শ্রেণীতে ভাগ করা হয়েছে ও কী  
কী?
- ২৭। মৌলিক শব্দ বলতে কী বোঝো?

UNIT—II

- ২৮। ‘সন্দেশ’ শব্দের মূল অর্থ কী ছিল? অর্থ-পরিবর্তনের ফলে এর  
অর্থ কী দাঁড়ায়?
- ২৯। অর্থ সংকোচ বলতে কী বোঝো?

UNIT—III

- ৩০। চলিত ভাষা কাকে বলে ?
- ৩১। সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে সাধুভাষা ও চলিতভাষার পার্থক্য উল্লেখ করো।

UNIT—IV

- ৩২। 'বড় বাজার' প্রবন্ধটিতে মোট কয়টি বাজারের উল্লেখ রয়েছে? লেখক প্রথম কোন্ বাজারে গিয়েছিলেন ?
- ৩৩। ভীষ্মদেব খোসনবীশ কে ছিলেন? মঙ্গলা কার নাম ?

UNIT—V

- ৩৪। 'স্বপ্ন' কবিতায় সংস্কৃত কোন্ কবির প্রভাব পড়েছে? কবিতায় উল্লিখিত 'কুরুবক' শব্দটির অর্থ লেখো।
- ৩৫। 'কল্পনা' কাব্যগ্রন্থের প্রকাশকাল কত? এই কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

UNIT—I

- ৩৬। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত আগন্তুক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৩৭। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দগুলির পরিচয় দাও।

UNIT—II

- ৩৮। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের তিনটি ধারার পরিচয় দাও।
- ৩৯। শব্দার্থ পরিবর্তনের ঐতিহাসিক ও উপকরণগত কারণ উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

UNIT—III

- ৪০। উদাহরণসহ বাংলা সাধুভাষারীতির সংজ্ঞা ও কয়েকটি বৈশিষ্ট্য লেখো।
- ৪১। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানরীতির আটটি বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

UNIT—IV

- ৪২। ‘মনুষ্যফল’ প্রবন্ধে সমাজের কিছু-সংখ্যক মানুষের স্বভাব-বৈশিষ্ট্য ব্যঙ্গের মোড়কে পরিবেশন করা হয়েছে। বিষয়টি আলোচনা করো।
- ৪৩। ‘একা’ প্রবন্ধের মূলভাব বিশ্লেষণ করো।

UNIT—V

- ৪৪। ‘দুঃসময়’ কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।
- ৪৫। ‘বৈশাখ’ কবিতাটিতে প্রকৃতির যে রূদ্ররূপ লক্ষ্য করা যায় তার একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

★ ★ ★